ইত্তেফাক

তারিখ ২৭।৪।৮০

105

# মাদ্রাসা বোর্ডের তিনটি পরীক্ষার ফল প্রকাশ

(ইত্তেফাক রিপোর্ট)

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা-বোর্ডের ১৯৮০ সনে অনুষ্ঠিত কামিল, ফাজিল ও আলেম পরীক্ষাসমূহের ফলাফল ঘোষণা করা হইয়াছে।

কামিল হাদিস, কামিল ফিকহ, কামিল তোফছির ও কামিল আদব পরীক্ষায় পাসের হার যথাক্রমে শতকরা ৪৬ দশমিক ১৬, শতকরা ৬৬, শতকরা ৬০ ও শতকরা ৮০ ভাগ।

ফাজিল সাধারণ বিভাগ ও ফাজিল বিজ্ঞান বিভাগে পাসের হার যথাক্রমে শতকরা ৫৬ দশমিক ১ ও শতকরা ৭২ ভাগ।

আলেম সাধারণ বিভাগ ও আলেম বিজ্ঞান বিভাগে পাসের হার যথাক্রমে শতকরা ৬৩ দশমিক ৫ ও শতকরা ৮৪ ভাগ।